দামুড়হুদায় চুয়াডঙ্গা ২ আসনের এমপির ভাই ডাঃ রফিকুল ইসলাম দাফন সম্পন্ন

দামুড়হুদায় হাজার হাজার মানুষের চোখের জলে শেষ বিদায় নিলেন চুয়াডঙ্গা ২ আসনের সংসদ সদস্য হাজী মোঃ আলী আজগার টগর ও দামুড়হুদা উপজেলা পরিষদের চেয়ারম্যান মোঃ আলী মুনছুর বাবু’র বড় ভাই ডাঃ রফিকুল ইসলাম। তিনি ঢাকার ল্যাবএইট হাসপাতালে নিবিড় পরিচর্চাকেন্দ্রে চিকিৎসাধীন অবস্থায় দীর্ঘ দিন থাকার পর গত মঙ্গলবার বিকাল সাড়ে ৫ টার দিকে চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন (ইন্নালিল্লাহি…রাজিউন)।

তিনি তার হাজার হাজার ভক্ত বন্ধু ও শুভাকাঙ্ক্ষীদের সবাইকে কাঁদিয়ে না ফেরার দেশে চলে গেলেন। তিনি দামুড়হুদা উপজেলার হাউলী ইউনিয়নের রঘুনাথপুর গ্রামের মৃত আব্দুল ওহাবের ৫ম পুত্র। মৃত্যকালে তার বয়স হয়েছিল (৬০) বছর। গত মঙ্গলবার বিকালে মৃত্যুর সংবাদ পৌঁছালে এলাকায় শোকের ছায়া নেমে আসে। ডাঃ রফিকুল ইসলাম দীর্ঘদিন ধরে বিভিন্ন রোগে ভুগছিলেন ।

তার মৃত্যুতে চুয়াডাঙ্গা ১ আসনের সাংসদ সদস্য এমপি বীরমুক্তিযোদ্ধা ও চুয়াডাঙ্গা জেলা আওয়ামীলীগের সভাপতি সোলাইমান হক জোয়ার্দ্দার সেলুন, চুয়াডাঙ্গা ২ আসনের সাংসদ সদস্য এমপি হাজী মোঃ আলী আজগার টগর, চুয়াডাঙ্গা জেলা প্রশাসক মোহাম্মদ আমিনুল ইসলাম খাঁন, জেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক বীরমুক্তিযোদ্ধা মোঃ আজাদুল ইসলাম আজাদ, চুয়াডাঙ্গা জেলা পরিষদের চেয়ারম্যান ও দামুড়হুদা উপজেলা আওয়ামীলীগের সভাপতি মাহফুজুর রহমান মঞ্জু, চুয়াডাঙ্গা সাবেক মেয়র রিয়াজুল ইসলাম টোটন, দর্শনা পৌরসভার মেয়র আতিয়ার রহমান হাবু, দর্শনা নাগরিক কমিটিরি সদস্য সচিব গোলাম ফারুক আরিফসহ বিভিন্ন রাজনৈতিক, সামাজিক ও সাংস্কৃতিক সংগঠনের নেতারা গভীর শোক প্রকাশ করেছেন।

দামুড়হুদা উপজেলার রঘুনাথপুর গ্রামের সম্ভ্রান্ত মুসলিম পরিবারে ডাঃ রফিকুল ইসলাম এর জন্ম। পারিবারিক জীবনে ডাঃ রফিকুল ইসলাম বিবাহিত এবং দুই সন্তানের জনক। তিনি স্ত্রী, সন্তানসহ অসংখ্য নেতাকর্মী, আত্মীয়স্বজন ও গুণগ্রাহী রেখে গেছেন। ডাঃ রফিকুল

ইসলাম এলাকার উন্নয়নে যথেষ্ট ভূমিকা থাকার কারণে এখানকার মানুষের কাছে স্মরণীয়-বরণীয় হয়ে থাকবে। এছাড়া তিনি বিভিন্ন স্কুল, কলেজ ও মাদ্রাসায় আর্থিক সহায়তা দেওয়াসহ সামাজিক ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছেন।

গতকাল বুধবার সকাল সাড়ে ৯ টার সময় উপজেলার রঘুনাথপুর গ্রামের কবরস্থানে তাকে দাফন করা হয় ।

আলমডাঙ্গায় গাঁজাসহ মাদক ব্যবসায়ী আটক

আলমডাঙ্গা থানা পুলিশ মাদক বিরোধী অভিযান চালিয়ে গাঁজাসহ ঝিনাইদহ আদর্শপাড়ার মাদক ব্যবসায়ী আব্দুর রাজ্জাককে আটক করেছে। আজ বুধবার বেলা দুপুরে পৌর এলাকার হাজী মোড় থেকে তাকে ৪শ গ্রাম গাঁজাসহ আটক করা হয়।

জানাগেছে, ঝিনাইদাহ আদর্শপাড়ার আনসার মন্ডলের ছেলে আব্দুর রাজ্জাক (৪১) দীর্ঘদিন ধরে গাঁজা ব্যবসা করে। সে ঝিনাইদাহসহ আশপাশ উপজেলায় গাঁজা পাইকারি বিক্রয় করে বেড়ায়। আজ বুধবার দুপুরে আলমডাঙ্গা থানার এসআই ইউসুফ আলী, এএসআই জিয়াউর রহমান ও এএসআই রওশন আলী সঙ্গীয় ফোর্স নিয়ে মাদক বিরোধী অভিযান চালায়। পুলিশের উপস্থিতি টের পেয়ে মাদক ব্যবসায়ী আব্দুর রাজ্জাক পালিয়ে যাওয়ার চেষ্টা করে।

পুলিশ কৌশলে তাকে আটক করে। আটকের পর তাকে তল্লাশি করে ৪শ গ্রাম গাঁজা উদ্ধার করে। এবিষয়ে মাদক দ্রব্য নিয়ন্ত্রন আইনে মামলা দায়ের করা হয়েছে।

চুয়াডাঙ্গা জেলার শ্রেষ্ঠ ক্যাম্প ইনচার্জ নির্বাচিত এস আই ইমরান হোসেন

কার্পাসডাঙ্গা পুলিশ ক্যাম্পের এস আই ইমরান হোসেন জেলার শ্রেষ্ঠ ক্যাম্প ইনচার্জ নির্বাচিত হয়েছেন।

জানা গেছে আজ বুধবার চুয়াডাঙ্গা দামুড়হুদা উপজেলার কার্পাসডাঙ্গা পুলিশ ক্যাম্পের এস আই ইমরান হোসেন জেলার শ্রেষ্ঠ ক্যাম্প ইনচার্জ নির্বাচিত হওয়ায় চুয়াডাঙ্গা জেলার পুলিশ সুপার আব্দুলাহ আল মামুন মহোদয় আনুষ্ঠানিক ভাবে তার হাতে ক্রেস্ট ও সম্মাননা তুলে দেন। তার এই সাফল্যতায় গর্বিত কার্পাসডাঙ্গা এলাকাবাসী।

চুয়াডাঙ্গার ভিজে স্কুলের ৯৬ ব্যাচের পক্ষ থেকে খাদ্য সামগ্রী বিতরণ

ব্যতিক্রম আয়োজনের মধ্য দিয়ে চুয়াডাঙ্গার ভিজে স্কুলের এসএসসি ৯৬ ব্যাচের পরিচালিত ” ক্লাব ৯৬” এর পক্ষ থেকে আসন্ন ঈদুল ফিতরের আনন্দ ভাগাভাগি করার প্রয়াসে সমাজের সুবিধাবঞ্চিত ও দু:স্থদের মাঝে খাদ্য সামগ্রী বিতরণ করা হয়েছে।

বুধবার ১৯ এপ্রিল বিকাল ৩ টায় চুয়াডাঙ্গার ভিজে এসএসসি ৯৬ ব্যাচের আয়োজনে চুয়াডাঙ্গা স্টেশন রোডস্থ ক্লাব ৯৬ কার্যালয়ে আনুষ্ঠানিক আয়োজনের মাধ্যমে চুয়াডাঙ্গার প্রায় তিন শতাধিক নারী
- পুরুষের মাঝে এ খাদ্য সামগ্রী বিতরণ করা হয়।

৯৬ ব্যাচের ডা. রাকিবুল হাসান শাওন বলেন, ‘মানুষের জন্য কিছু করার ইচ্ছা প্রতিটা মানুষেরই থাকে, কিন্তু একা করাটা অধিকাংশ ক্ষেত্রেই সম্ভব হয় না। সম্মিলিত চেষ্টায় কিছু একটা হয়ে ওঠে।

অবশ্য তার জন্যও দরকার পড়ে কিছু দায়িত্ব শীল মানুষের। কর্ম ব্যাস্ততা আর দুরত্বের কারনে ইচ্ছে থাকা সত্বেও নিজ এলাকার মানুষের জন্য কিছু করাটা দুরহ । সেই দায়িত্ব নিজেদের কাধে নিয়ে আমাদের কিছু বন্ধু সব সময় অসহায় মানুষের পাশে দাঁড়িয়ে যায়, আর আমরা শুধু বন্ধু হিসেবে তাদের এই মহত কাজের ক্ষুদ্র অংশ হতে পারি।’

ক্লাব-৯৬ এর মুখপাত্র নাহিদ হাসান খান বলেন, ‘একটি পরিবারের ঈদ উপলক্ষে যা যা প্রয়োজন তার প্রায় অধিকাংশই উপহার হিসেবে প্রদান করা হয়েছে। পবিত্র ঈদুল ফিতর উপলক্ষে দেওয়া খাদ্য সামগ্রীর মধ্যে ছিল ৫ কেজি চাল, ১ কেজি করে তেল,চিনি, লবন, পেয়াজ, পোলাও চাল ও সেমাই এবং ২ কেজি আলু ও ১ টি করে তাজা মুরগী।’

এপ্রসঙ্গে উল্লেখ্য চুয়াডাঙ্গার এই এসএসসি ৯৬ ব্যাচটি “আমাদের আবেগ আছে, অনুভূতি আছে,আছে বন্ধুত্বের শক্ত মেলবন্ধন” এই স্লোগান নিয়ে বিগত প্রায় ২০ বছর যাবৎ ফ্রি মেডিক্যাল ক্যাম্প, চক্ষু শিবির, শীতবস্ত্র ও কম্বল বিতরণ এবং দরিদ্রদের সাবলম্বী করা সহ নিঃস্বার্থ ভাবে চুয়াডাঙ্গা জেলায় নানা সমাজসেবা মূলক কার্যক্রম করে আসছে।

দামুড়হুদা কাদিপুরে দুর্বৃত্তদের হাতে মাদক ব্যাবসায়ী কিতাব খুন

দামুড়হুদায় গলাকেটে ও কুপিয়ে নৃশংস ভাবে কিতাব উদ্দিন নামের একজন মাদক ব্যাবসায়ীকে হত্যা করেছে দুর্বৃত্তরা। আজ বুধবার সকাল সাড়ে ৬টার দিকে উপজেলার কাদিপুর প্রাথমিক বিদ্যালয়ের পাশের মাঠে নিহতের লাশ পড়ে থাকতে দেখে স্থানীয়রা পুলিশে খবর দিলে ঘটনাস্থলে এসে পুলিশ মরদেহ উদ্ধার করে সুরতহাল প্রতিবেদন শেষে ময়না তদন্তের জন্য চুয়াডাঙ্গা সদর হাসপাতাল মর্গে নিহতের লাশ পাঠানো হয়।

নিহত ব্যক্তি হলেন দামুড়হুদা উপজেলার হাউলী ইউনিয়নের কাদিপুর

ভাবে হত্যা করতে পারে। তবে দেখে মনে হচ্ছে এটা এক জনের কাজনা। এর সাথে কয়েকজন জড়িত থাকতে পারে বলে স্থানীয় গ্রামবাসীর ধারণা।

নিহতের স্ত্রী রাবেয়া খাতুন বলেন আমাদের প্রায় ২৪ বছর পূর্বে বিয়ে হয়েছে। সেই থেকেই তিনি ঘরজামাই হিসাবে এখানে কাদিপুরে থাকে। মঙ্গলবার রাত সাড়ে ৮টার দিকে সে পাখিভ্যান চালিয়ে বাড়ি আসে। বাড়ি আসার কিছুক্ষণ পরে তার মোবাইলে একটা ফোন আসে। তখন সে বলে আমি একটু চা খেয়ে আসছি। এই বলে সে বাড়ি থেকে বের হয়ে যায়। সারারাত আর বাড়ি ফেরেনি। আমি ভেবেছিলাম পবিত্র শবে কদরের রাতে হয়তো নামাজ পড়ছে। সকালে জানতে পারলাম তাকে খুন করা হয়েছে। কারো সাথে কোন শত্রুতা ছিলো কিনা জানতে চাইলে তিনি বলেন তেমন কারো সাথে কোন শত্রুতা ছিল না।

দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ ওসি সাইফুল ইসলাম জানান, মাদক সংক্রান্ত বিষয় নিয়ে হত্যাকান্ড হতে পারে বলে প্রাথমিকভাবে ধারণা করা হচ্ছে। নিহত কিতাব আলীর নামে একাধিক মাদক মামলা রয়েছে। এঘটনায় এখনও পর্যন্ত কাউকে আটক করা হয়নি।

এবিষয়ে চুয়াডাঙ্গা অতিরিক্ত পুলিশ সুপার মো: আবু তারেক বলেন, এটা একটা হত্যাকান্ড। পরিকল্পিত ভাবে নিহতকে হত্যা করা হয়েছে মর্মে প্রাথমিক ভাবে ধারণা করা হচ্ছে। তদন্ত চলছে, নিহতের লাশ পোস্ট মর্টামের জন্য পাঠানো হয়েছে।

আলমডাঙ্গায় গাছেই শুকিয়ে ঝরে পড়ছে পানের পাতা, লোকসানের শঙ্কায় কৃষক

তিব্র রোদ ও অনাবৃষ্টির কারণে বিপাকে পড়েছে আলমডাঙ্গা উপজেলার পান চাষিরা। পানি সংকটে শুকিয়ে যাচ্ছে আবাদি ফসলের জমি। গাছেই শুকিয়ে ঝরে পড়ছে পানের পাতা । এতে লোকসানের আশঙ্কা করছে স্থানীয় কৃষকেরা।

স্থানীয়রা বলছেন, চলতি গ্রীষ্ম মৌসুমে জেলার উপর দিয়ে টানা ১৭ দিনের মত তিব্র তাপদহ চলমান রয়েছে। গত বছর বৃষ্টির পানি না হওয়ায় এবছর দ্রূত পুকুর ও খাল-বিলের পানি শুকিয়ে যাচ্ছে। এতে সেচ পাম্পেও পানি উঠছে না। পান বরজ সহ বিভিন্ন ফসলের খেতে সেচ দেওয়া যাচ্ছে না। এছাড়াও কিছু অঞ্চলে বসতবাড়িতে সুপেয় পানির সংকটও দেখা মিলেছে। এভাবে চলতে থাকলে হাজারো কৃষককে পথে বসতে হবে।

জেহালা ইউনিয়নের শ্রী বাবু কুমার বলেন, গরমে ভূগর্ভস্থ পানি নিচে নেমে গেছে। সেচ পাম্পেও পানি পাওয়া যাচ্ছে না।

বাড়াদি ইউনিয়ন পরিষদের সদস্য সারোয়ার হোসেন জানান, মাথাভাঙ্গা নদীর পানি নাব্যতা কমেছে। অনেক এলাকায় চর জমে পানি প্রবাহ বন্ধ হয়ে গেছে। নদীর পাশের বাড়িগুলোতে নলকূপে পানি সংকট দেখা দিয়েছে।

উপজেলা কৃষি সম্প্রসারণ কর্মকর্তা সোহেল রানা জানান, দাবদহের কারণে অনেক এলাকায় পানি সংকট দেখা দিয়েছে। প্রতিদিন সেচ দিয়েও গাছ স্বাভাবিক আনার চেস্টা করছে কৃষকেরা। আমরাও নিয়মিত পানে পানি দেবার জন্য কৃষকদের অবগতি জানানো হচ্ছে।

উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর সি.সি.টি আনিসুজ্জামান বলেন,- গভীর নলকূপ প্রকল্প চলমান রয়েছে। কোন অঞ্চলে পানি সংকট দেখা দিলে দ্রূতই ব্যবস্থা নেওয়া হবে।

দর্শনা সীমান্তে সাড়ে ৩ শ গ্রাম হিরোইন ও ৫টি সোনার বারসহ একজন আটক

দর্শনা সীমান্তে বিজিবির পৃথক দুটি চোরাচালান বিরোধী অভিযান পরিচালনা করেছে। এ অভিযানে সাড়ে ৩শ গ্রাম হিরোইন ও ৫টি বার সহ আটক করেছে ১ চোরাকারবারীকে। গতকাল সোমবার সকালে দর্শনা হল্ট স্টেশনে খুলনাগামী রকেট মেইলে অভিযান চালিয়ে পরিত্যাক্ত অবস্থায় সাড়ে ৩শ গ্রাম হিরোইন ও দর্শনা রেলওয়ে স্টেশনের পূর্বপাশ হতে

৫টি স্বর্ণের বার সহ সেলিম (৩৩) নামের এক চোরাকারবরীকে আটক করেছে।

এ দুটি চোরাচালান বিরোধী অভিযান পরিচালনা করেন ঝিনাইদহের মহেশপুর-৫৮ বিজিবি ও চুয়াডাঙ্গা-৬ বিজিবি ব্যাটালিয়ন জোয়ানেরা।

বিজিবি জানায়, চুয়াডাঙ্গা-৬ বিজিবি ব্যাটালিয়নের লেঃ কর্ণেল সাঈদ মোহাম্মদ জাহিদুর রহমান, পিএসসি স্বাক্ষরিত এক প্রেস বিজ্ঞপ্তির মাধ্যমে সাংবাদিকদের জানায়, চুয়াডাঙ্গা জেলার দর্শনা থানার অন্তর্গত দর্শনা রেল ষ্টেশন হয়ে পার্বতীপুর হতে খুলনা অভিমূখী ছেড়ে আসা রকেট মেইল ট্রেন ভারতীয় হিরোইন পাচার করা হবে মর্মে প্রাপ্ত বিশেষ তথ্যের ভিত্তিতে চুয়াডাঙ্গা-৬ বিজিবি ব্যাটালিয়নের অধিনায়ক লেঃ কর্ণেল সাঈদ মোহাম্মদ জাহিদুর রহমান, পিএসসি এর সার্বিক দিক নির্দেশনায় দর্শনা বিওপি কমান্ডার সুবেদার মোঃ নওশের আলী সঙ্গীয় ফোর্স নিয়ে সীমান্ত পিলার ৭৭/২-এস হতে আনুমানিক ৩.৫ কিঃ মিঃ বাংলাদেশের অভ্যন্তরে দর্শনা রেল ষ্টেশনে আনুমানিক বেলা ১টা ১০ মিনিটের দিকে মাদক বিরোধী অভিযান পরিচালনা করে। অভিযান পরিচালনা কালে টহলদল পার্বতীপুর হতে খুলনা অভিমূখী ছেড়ে আসা রকেট মেইল ট্রেনের তৃতীয় বগির ভিতর ক্যরিয়ারের উপর একটি পলিথিনের ব্যাগ দেখতে পায়। টহলদল উক্ত ব্যাগের মালিকানা না পাওয়ায় পলিথিনের ব্যাগটি জব্দ করে এবং পরবর্তীতে টহলদল জব্দকৃত পলিথিনের ব্যাগটি খুললে ব্যাগের ভিতর ১টি পলিথিনের ছোট প্যাকেট হতে ৩৫০ গ্রাম ভারতীয় হিরোইন উদ্ধার করতে সক্ষম হয়। এ ব্যাপারে সুবেদার মোঃ নওশের আলী বাদী হয়ে পরবর্তী আইনগত প্রক্রিয়া সম্পন্ন করার কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে।

অপরদিকে ঝিনাইদহ-৫৮ বিজিবি ব্যাটালিয়নের অধিনায়কের পক্ষে সহকারী পরিচালকমোহাম্মদ সাইফুল ইসলাম স্বাক্ষরিত এক প্রেস বিজ্ঞপ্তির মাধ্যমে সাংবাদিকদের জানায়, ঝিনাইদহ মহেশপুর-৫৮ বিজিবি ব্যাটালিয়নের অধিনায়ক লেঃ কর্নেল মাসুদ পারভেজ রানা, এএফডব্লিউসি, পিএসসি, জিপ্লাস নিজস্ব গোয়েন্দা তথ্যের ভিত্তিতে জানতে পারেন একজন ব্যক্তি ভ্যানযোগে দর্শনা রেলষ্টেশন এলাকা হতে স্বর্ণ পাচারের উদ্দেশ্যে দর্শনা-মুজিবনগর রোড হয়ে সীমান্তের দিকে গমন করবে।

অতঃপর অধিনায়কের নেতৃত্বে ব্যাটালিয়ন সদরের একটি বিশেষ টহল দল দর্শনা রেলষ্টেশন এলাকায় এ্যাম্বুশ স্থাপন করে বসে থাকে। আনুমানিক সকাল ৯ টার দিকে উক্ত ব্যক্তি দর্শনা রেলষ্টেশন অতিক্রম

করে দর্শনা-মুজিবনগর রোড হয়ে সীমান্তের দিকে যেতে থাকার সময় এ্যাম্বুশ দল দর্শনা রেল স্টেশনের ৫০ গজ পূর্ব পাশে দর্শনা- মুজিবনগর রাস্তার উপর হতে সেলিম (৩৩) নামের এক ব্যাক্তিকে আটক করে।

পরে আটককৃত ব্যাক্তির পরিহিত প্যান্টের কোমরের ভিতরের দিকে বিশেষভাবে তৈরীকৃত পকেটের মধ্যে লুকায়িত স্থান হতে ৫টি স্বর্ণের বার উদ্ধার করা হয়। আটককৃত ব্যাক্তির নিকট হতে উদ্ধার হওয়া ৫টি স্বর্ণের ওজন ৫৮৩.২০ গ্রাম। এসময় তার নিকট হতে জব্দ করা হয়েছে ১টি মোবাইল ফোন। আটককৃত ব্যাক্তির নিকট হতে উদ্ধার হওয়া স্বর্ণের আনুমানিক মূল্য ৪৮ লক্ষ ৫০ হাজার টাকা। আটককৃত ব্যাক্তি সেলিম (৩৩) কুমিল্লা জেলার হোমনা থানাধীন নিলুখী গ্রামের রওশন আলীর ছেলে।

বিজিবি আরও জানায়, উদ্ধার স্বর্ণের বার শুল্ক কর ফাকি দিয়ে ভারতে পাচারের জন্য পরিবহন করা ও নিজ জিম্মায় রাখায় অভিযুক্ত ব্যক্তিকে গ্রেফতার করা হয়। আটককৃত আসামীর বিরুদ্ধে দর্শনা থানায় মামলা দায়ের এবং স্বর্ণের বার চুয়াডাংগা ট্রেজারী অফিসে জমা দেয়ার কার্যক্রম প্রক্রিয়াধীন।

চুয়াডাঙ্গায় পদ্মবিলা ইউনিয়ন পরিষদে ভিজিএফ চাল বিতরণ

চুয়াডাঙ্গা সদর উপজেলার পদ্মবিলা ইউনিয়ন পরিষদের পবিত্র ঈদুল ফিতর উপলক্ষ্যে গরীব অসহায় ও দুস্থ মানুষের মাঝে ভিজিএফের চাল বিতরণ কার্যক্রমের উদ্বোধন করা হয়েছে।

সোমবার সকাল সাড়ে আটটার সময় পদ্মবিলা ইউনিয়ন পরিষদ চত্বরে চুয়াডাঙ্গা সদরের পদ্মবিলা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মোঃ আলম মণ্ডলের সভাপতিত্বে ভিজিএফের চাল বিতরণ কার্যক্রম উদ্বোধন করা হয়।

এ সময় চুয়াডাঙ্গা সদর উপজেলার পদ্মবিলা ইউনিয়ন পরিষদের

চেয়ারম্যান আলম মন্ডল বলেন,চুয়াডাঙ্গা সদর উপজেলার পদ্মবিলা ইউনিয়নের মোট নয়টি ওয়ার্ডের ভিজিএফের চাল বিতরণ করা হচ্ছে।পদ্মবিলা ইউনিয়নের মোট নয়টি ওয়ার্ডে গরীব অসহায় ও দুস্থ মানুষের মাঝে মোট ১৬৭৩ জনের মাঝে ভিজিএফ চাল বিতরণ করা হবে।

ভিজিএফের চাল বিতরণ কার্যক্রমের উদ্বোধন কালে আরো উপস্থিত ছিলেন, চুয়াডাঙ্গা পদ্মবিলা ইউনিয়ন পরিষদের সচিব মোশারফ হোসাইন, ১নং ওয়ার্ড ইউপি সদস্য মফিজুল ইসলাম, ২নং ওয়ার্ড ইউপি সদস্য রবিউল ইসলাম, ৩নং ওয়ার্ড ইউপি সদস্য শাহজালাল, ৪নং ওয়ার্ড ইউপি সদস্য সুমন আলী,৫নং ওয়ার্ড ইউপি সদস্য আজিবার মালিথা, ৬নং ওয়ার্ড ইউপি সদস্য ইনদাদুল হক,৭নং ওয়ার্ড ইউপি সদস্য হুমায়ন কবির,৮নং ওয়ার্ড ইউপি সদস্য আব্দুল রাজ্জাক, ৯নং ওয়ার্ড ইউপি সদস্য ফেরদৌস, ১,২ ও ৩ সংরক্ষিত মহিলা ইউপি সদস্য শরিফা খাতুন, ৪,৫ও ৬ সংরক্ষিত মহিলা ইউপি সদস্য হাসিনা খাতুন, ৭,৮ও ৯ সংরক্ষিত মহিলা ইউপি সদস্য লায়লা আনজুম বানু সহ ইউনিয়ন আওয়ামী লীগের নেতৃবৃন্দ।

দামুড়হুদায় ঐতিহাসিক মুজিবনগর দিবস উপলক্ষে আলোচনা সভা

দামুড়হুদায় ঐতিহাসিক মুজিবনগর দিবস উপলক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। আজ সোমবার সকাল ১০টায় দামুড়হুদা উপজেলা প্রশাসনের আয়োজনে পরিষদের সম্মেলন কক্ষে এই আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

১৭ই এপ্রিল ঐতিহাসিক মুজিবনগর দিবস উপলক্ষে আয়োজিত আলোচনা সভায় দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার ইউএনও রোকসানা মিতা’র সভাপতিত্বে এসময় উপস্থিত ছিলেন উপজেলা সহকারী কমিশনার ভূমি সজল কুমার দাস, উপজেলা কৃষি অফিসার মনিরুজ্জামান, সমাজসেবা অফিসার তোফাজ্জল হক, বীর মুক্তিযোদ্ধা আলাউদ্দিন, দামুড়হুদা মডেল থানার ওসি অপারেশন শফিউল আলম, উপজেলা প্রশাসনিক কর্মকর্তা ফয়জুল ইসলামসহ উপজেলার বিভিন্ন দপ্তরের কর্মকর্তা বৃন্দ উপস্থিত ছিলেন।

[redacted]

[redacted]